অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/17/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্টেটের এজেন্সিগুলোকে আমেরিকার ইতিহাসে ফেডারেল অচলাবস্থার কারণে সবচেয়ে দীর্ঘ সময় কর্মহীন থাকা কর্মীদের সাহায্য করার নির্দেশ দিয়েছেন

DOL-কে বেকার বিমা সুবিধা প্রত্যাশী কর্মীদের জন্য আবেদন প্রক্রিয়া দ্রুততর করার এবং কল সেন্টারের কর্ম ঘণ্টা বৃদ্ধি করার নির্দেশ দিয়েছেন

ছুটি প্রাপ্ত কর্মী ও যারা OTDA-তে বিনা বেতনে কাজ করেন তাদের জন্য ভাড়া, মুদি দ্রব্য ও উপযোগ খরচে সরকারি সহায়তা সুবিধা থাকতে পারে

আজ গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো স্টেটের অ্যাজেন্সিগুলোকে যুক্তরাষ্ট্রের ইতিহাসে পূর্বের সব রেকর্ডকে ছাড়িয়ে যাওয়া সবচেয়ে দীর্ঘ সময় ধরে ফেডারেল অচলাবস্থার কারণে প্রভাবিত ফেডারেল কর্মীদের জন্য সহায়তা প্রদানের নির্দেশ দিয়েছেন। গভর্নর নিউ ইয়র্ক স্টেটের শ্রম দপ্তরকে (Department of Labor, DOL) বেকারত্ব বিমার সুবিধা প্রত্যাশী কর্মীদের বর্ধিত সহায়তা প্রদানের এবং স্টেটের অফিস অব টেম্পোরারি এন্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary and Disability Assistance, OTDA) এ বেতন না নিয়ে কাজ করা কর্মীদের আবেদন করতে ও সরকারি সহায়তার সুবিধা পেতে সাহায্য করার আহ্বান জানিয়েছেন।

"রাষ্ট্রপতি তার ঘৃণ্য ও প্রত্যাবর্তী রাজনৈতিক এজেন্ডা বাস্তবায়নের প্রচেষ্টায় কঠোর পরিশ্রমী আমেরিকানদের মজুরি ও জীবিকা জামিন স্বরূপ রাখছেন, এটা মেনে নেওয়া যায় না", **গভর্নর কুওমো বলেন।** "যেখানে ফেডারেল প্রশাসন কর্মীদের পিছিয়ে দিচ্ছে, সেখানে নিউ ইয়র্ক স্টেট তাদের এগিয়ে নিয়ে যেতে যেভাবে পারি সয়াহতা করার চেষ্টা করছে। এই পদক্ষেপসমূহ নিউ ইয়র্কের কাজ হারানো ফেডারেল কর্মীদের দ্রুত ও বিশেষ এক-এক সেবা প্রাপ্তি নিশ্চিত করবে যাতে তারা এই কঠিন সময়ে তারা প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ নিরাপত্তা-জালের আওতায় থাকেন।"

"একটি সরকারকে উন্মুক্ত ও সক্রিয় রাখার বিষয়ে আমাদের রাজনীতি নিয়ে খেলা করা উচিত নয়", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "ফেডারেল অচলাবস্থা চলতে থাকলে জনগণের জীবন প্রতি মুহূর্তে ঝুঁকির মধ্যে থাকে। ইতিহাসের সবচেয়ে দীর্ঘতম অচলাবস্থার কারণে প্রভাবিত কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের সাহায্য করতে, ফেডারেল সরকার কতৃর্ক বেতন বন্ধ রাখার সময় স্টেটের এজেন্সিগুলো তাদেরকে প্রয়োজনীয় সহায়তা, সুবিধা ও সাহায্য প্রদান করবে।"

শ্রম দপ্তরকে বেকারত্ব বিমা আবেদন প্রক্রিয়া দ্রুততর করার ও কল সেন্টারের কাজের সময় বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়াও শ্রম দপ্তরের সদস্যরা এইসব সুবিধাদির ব্যাপারে ওয়াকিবহাল আছেন তা নিশ্চিত করত গভর্নর শ্রম দপ্তরকে ফেডারেল ইউনিয়নের সাথে কাজ করার নির্দেশ দিয়েছেন।

উপরন্তু, এখনও কাজ করছেন কিন্তু বেতন পাচ্ছেন না এমন কিছু কাজ হারানো ফেডারেল শ্রমিক বা ফেডারেল কর্মচারীও স্টেটের অফিস অব টেম্পোরারি এন্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্স থেকে তাদের মৌলিক চাহিদা পূরণের জন্য সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেন। এমনকি যেসব পরিবার সাধারণত সরকারি সহায়তা পাওয়ার যোগ্য নয় তারাও তাদের আয় হ্রাস পাওয়ার কারণে যথেষ্ট সম্পদের অভাবের কারণে তাদের ভাড়া পরিশোধ ও খাদ্য ক্রয় করার জন্য স্বল্প মেয়াদে সহায়তা পাওয়ার যোগ্য হতে পারে। এই সহায়তা লাভে বা কী ধরনের কর্মসূচির জন্য তারা উপযুক্ত হতে পারেন সে সম্পর্কে জানতে আগ্রহী ব্যক্তিকে https://otda.ny.gov/programs/apply/ দেখতে বা তাদের স্থানীয় সমাজ সেবা অধিদপ্তরে (department of social services) বা নিউ ইয়র্ক সিটি জব সেন্টারে (New York City Job Center) যেতে উৎসাহিত করা হচ্ছে।

যদি আপনি ফেডারেল অচলাবস্থার কারণে প্রভাবিত একজন নিউ ইয়র্কবাসী হন, তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেট শ্রম দপ্তরের মাধ্যমে বেকারত্ব বিমা সুবিধা পাওয়ার যোগ্য হতে পারেন। আপনি যোগ্য কিনা তা দেখতে বা সুবিধার জন্য আবেদন করতে 1-888-209-8124 নম্বরে ফোন করুন এবং আপনি শ্রম অধিদপ্তরের একজন বিশেষজ্ঞের সাথে কথা বলতে পারবেন যিনি আপনাকে আপনার প্রয়োজনীয় সুবিধা দ্রুত পেতে সাহায্য করবেন। কল সেন্টার সোমবার থেকে শুক্রবার সকাল 8 টা থেকে সন্ধ্যা 7 টা পর্যন্ত খোলা থাকে। আপনি DOL এর ওয়েবসাইটের মাধ্যমেও আবেদন করতে পারবেন: https://labor.ny.gov/ui/how_to_file_claim.shtm।

যদি আপনি অস্থায়ী বা আংশিক সময়ের চাকরি পাওয়ার সুযোগের ব্যাপারে বিস্তারিত জানতে আগ্রহী হন তাহলে আপনার এলাকার শ্রম দপ্তরের ক্যারিয়ার সেন্টারে যান বা 1-888-469-7365 নম্বরে ফোন করুন। অথবা আপনি www.labor.ny.gov ওয়েবসাইটে যেতে পারেন।

শ্রম দপ্তরের কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেছেন, "এই অচলাবস্থা ফেডারেল কর্মীদের জন্য কষ্টের, কিন্তু সৌভাগ্যক্রমে এই দুঃসময়ে তাদের সাহায্যের জন্য সুবিধাদি রয়েছে। আমাদের এজেন্সি আমাদের সহকর্মী সরকারি কর্মীদের সাহায্যের জন্য প্রস্তুত থাকার কাজ চালিয়ে যাচ্ছে। আমাদের সাথে যোগাযোগ করুন — আমরা আপনাদের সাহায্য করার জন্য এখানে আছি।"

অফিস অব টেম্পোরারি এন্ড ডিজ্যাবিলিটি অ্যাসিসটেন্স এর কমিশনার সামুয়েল ডি. রবার্টস বলেছেন, "চলতে থাকা সরকারি অচলাবস্থার কারণে বিরূপভাবে প্রভাবিত ফেডারেল কর্মীদের জানতে হবে যে যখন তাদেরকে বিনা বেতনে কাজ করতে বাধ্য হচ্ছেন তখন তারা সহায়তার জন্য যোগ্যতা লাভ করতে পারেন। তাদের জন্য কী ধরনের সহায়তা থাকতে পারে তা জানতে তাদের স্থানীয় সমাজ সেবা দপ্তরে যাওয়া গুরুত্বপূর্ণ।"

14ই জানুয়ারি, নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি এন্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্স ঘোষণা করে যে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program, SNAP) সুবিধার অধিকাংশ গ্রাহকগণ চলতে থাকা ফেডারেল সরকারি অচলাবস্থার কারণে তাদের ফেব্রুয়ারির সম্পূর্ণ সুবিধা আগেই পেয়ে যাবেন। বর্তমান SNAP গ্রাহকগণ তাদের ফেব্রুয়ারির সুবিধা 17ই জানুয়ারি, বৃহস্পতিবারে পেতে পারেন। এছাড়াও সরকারি অচলাবস্থার ফলে সৃষ্ট অনিশ্চয়তার কারণে OTDA, SNAP গ্রাহকদের বাজেট অনুসারে তাদের সুবিধা আগেভাগে গ্রহণ করার আহ্বান জানিয়েছে। আরও তথ্য এখানে রয়েছে।

তাছাড়া, আজ নিউ ইয়র্ক স্টেটের সরকারি পরিষেবা কমিশন (New York State Public Service Commission) ঘোষণা করেছে যে সরকারি অচলাবস্থার কারণে কাজ হারানো ক্রেতা ও যেসব কর্মী বিনা বেতনে কাজ করছেন তাদের জন্য নিউ ইয়র্কের মুখ্য বিদ্যুৎ ও গ্যাস উপযোগ সংস্থাগুলো বিশেষ সংগ্রহ পদ্ধতি বাস্তবায়িত করছে। স্টেটের মুখ্য উপযোগ প্রতিষ্ঠানগুলো যেসব ফেডারেল কর্মীর, সরকারি অচলাবস্থার কারণে আর্থিক কষ্টের মধ্য দিয়ে দিনাতিপাত করার ফলে বিদ্যুতের বিল পরিশোধ করা কঠিন হয়ে দাঁড়িয়েছে তাদেরকে অচলাবস্থা চলাকালীন এবং যতদিন তাদের বেতন পরিশোধ করা না হবে ততদিন তাদের এই সব সুবিধাদি বজায় রাখার মাধ্যমে সাহায্য করার প্রতিশ্রুতি দিয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন